বাংলাদেশ স্কাউটস ঢাকা জেলা রোভার
BANGLADESH SCOUTS DHAKA DISTRICT ROVER
২৫ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০, ফোনঃ ৯৫৬৯৯৮৮, ইমেইল: dhakazillarover@gmail.com
25 Bangabandhu Avenue Dhaka-1000, Phone 9569988, e-mail: dhakazillarover@gmail.com

স্মারক নংঃ ঢা:জে:রো/প্রোগ্রাম/৫৪৭৯/২০২৫

... কলেজ, ঢাকা
প্রাপ্তি স্বীকার
নম্বর : ৯৯ ৩৯
তারিখ : ১৬/০৭/২৫
স্বাক্ষর :

তারিখ ঃ ১২/০৭/২০২৫

বরাবর
**গ্রুপ সম্পাদক**
রোভার স্কাউট গ্রুপ (সকল)
বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভার

**বিষয়ঃ শহীদ আবু সাঈদ দিবস উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা আয়োজন সম্পর্কিত।**

জনাব,
আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভারের স্পেশাল ইভেন্টস বিভাগের উদ্যোগে শহীদ আবু সাঈদ দিবস উদযাপনে রচনা প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভারের ইউনিটসমূহের রোভার স্কাউট ও রোভার স্কাউট লিডারগণ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

**রচনা প্রতিযোগিতার নিয়মাবলি :**

১। বিষয়: আমার চোখে জুলাই গণঅভ্যুত্থান।
২। শব্দ সংখ্যা : রোভার স্কাউটদের জন্য ৭০০-৯০০ শব্দ ও রোভার লিডারদের জন্য ৯০০-১১০০ শব্দ।
৩। রচনা অবশ্যই টেক্সট ফরমেটে (বিজয় বা ইউনিকোড) ই-মেইল: dhakazillarover@gmail.com এ পাঠাতে হবে। হার্ডকপি অথবা অন্য কোন ফরমেটে লেখা গ্রহণযোগ্য নয়।
৪। স্বরচিত রচনা আগামী ১৫ জুলাই, ২০২৫ বিকাল ৪.০০ টার মধ্যে পাঠাতে হবে।

প্রতিযোগিতার ফলাফল ১৬ জুলাই ২০২৫ সন্ধ্যা ৬.০০টার মধ্যে ঢাকা জেলা রোভার এর ফেইসবুক পেইজে জানানো হবে। উভয় শাখায় ১ম, ২য়, ৩য় স্থান অর্জনকারীদের সনদ ও পুরস্কার ০৫ই আগস্ট, ২০২৫ প্রদান করা হবে। সকল অংশগ্রহণকারীদের সনদ প্রদান করা হবে।

অতএব, উক্ত প্রতিযোগিতা আয়োজনের সার্বিক সহযোগিতার করার জন্য আপনাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানাই।

স্কাউট সেবায় নিয়োজিত,

**(ড. মোহা: আক্কাচ আলী)**
সম্পাদক
বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভার।
মোবাইল ঃ ০১৭১১-১৫৯১৭৮

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থে**

১। সভাপতি, বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভার ও জেলা প্রশাসক, ঢাকা।
২। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভার।
৩। সহকারী কমিশনার (স্পেশাল ইভেন্টস), বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভার।
৪। নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভার।
৫। অফিস কপি।